

**AKASHVANI(AIR)**  
**RNU:KOLKATA**  
**BengaliText Bulletin**

**Date 22-12-2025**

**Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর -

১) গ্রামীণ এলাকায় নিশ্চিত রোজগার প্রদানে তৈরী বিকশিত ভারত জি রামজী বিল আইনে রূপান্তরিত হয়েছে। গতকাল বিলটিতে সই করেছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু।

২) কলকাতা হাইকোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি রবীন্দ্রনাথ সামন্তকে রাজ্যের লোকাযুক্ত হিসেবে নিয়োগ করেছেন রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস।

৩) সুন্দরবনের সামগ্রী উন্নয়নে রাজ্য সরকার ব্যর্থ বলে - বন, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রী ভূপেন্দ্র যাদব জানিয়েছেন।

৪) দেশের উন্নয়নে সবার আগে সমাজকে সংগঠিত করা প্রয়োজন বলে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের সরসংঘ চালক মোহন ভাগবত জানিয়েছেন।

৫) সাসপেন্ড হওয়া বিতর্কিত তৃণমূল কংগ্রেস বিধায়ক হুমায়ুন কবীর আজ তাঁর নতুন রাজনৈতিক দল ঘোষণা করতে পারেন।

৬) আগামী কয়েকদিনে কলকাতা সহ রাজ্যের সর্বত্রই তাপমাত্রার পারদ অন্তত ৫ ডিগ্রী কমার সম্ভাবনা।

oooooooooooooooooooooooooooo

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বিকশিত ভারত গ্যারান্টি ফর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন গ্রামীণ - বিকশিত ভারত জি রাম জি বিলে সম্মতি দিয়েছেন। এরফলে বিলটি আইনে পরিণত হল। সংসদের শীতকালীন অধিবেশনে উভয় কক্ষেই বিলটি পাশ হয়।

২০ বছরের পুরনো মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মনিশ্চয়তা আইন ২০০৫-এর পরিবর্তে এই বিল আনা হয়। এখানে প্রতি আর্থিক বছরে ১০০ দিনের পরিবর্তে ১২৫ দিনের কর্মসংস্থান সুনিশ্চিত করা হয়েছে। এর মধ্যে কেন্দ্র ৬০ শতাংশ এবং রাজ্য সরকার ৪০ শতাংশ ব্যয় ভার বহন করবে। গ্রামীণ এলাকায় কর্ম সংস্থান নীতির রূপান্তরের ক্ষেত্রে এই আইন একটি মাইলফলক।

কলকাতা বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য বিভাগের অধ্যাপক আশিস কুমার সানা আকাশবাণীকে জানিয়েছেন, বিকশিত ভারত গঠনের লক্ষ্যে এই বিল এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

কেন্দ্রীয় সরকারের নতুন আইনে ১২৫ দিন কাজ পাওয়া নিশ্চিত হওয়ায় খুশী ব্যক্ত করেছেন এক সুবিধাপ্রাপক।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে নতুন লোকাযুক্ত হলেন কলকাতা হাইকোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি রবীন্দ্রনাথ সামন্ত। রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস গতকাল তাঁকে ওই পদে নিয়োগ করেছেন। চলতি মাসেই মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পৌরোহিত্যে নতুন লোকাযুক্ত হিসেবে অবসরপ্রাপ্ত বিচারপতি রবীন্দ্রনাথ সামন্তের নামে ছাড়পত্র দেওয়া হয়। গতকাল রাজভবন সূত্রে তাঁর নিয়োগের কথা জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় বনমন্ত্রী বলেন, রেল দুর্ঘটনায় হাতি মৃত্যু কমাতে সরকার এক গুচ্ছ পদক্ষেপ নিচ্ছে। দুর্ঘটনা প্রবণ এলাকা চিহ্নিত করতে রেলকে নির্দেশ দেওয়া হয়েছে বলেও তিনি জানান। শ্রী যাদব বলেন, হাতির আক্রমণে মৃতদের পরিবারগুলিকে সাহায্য দেওয়ার প্রক্রিয়া আরও সহজ করা হবে।

মানুষের ভোটে নির্বাচিত হয়ে সাম্প্রদায়িক রাজনীতি এবং অনুপ্রবেশে মমতা ব্যানার্জী সরকার মদত দিচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে। গতকাল নতুন দিল্লীতে এক সাংবাদিক সম্মেলনে বিজেপি মুখপাত্র গৌরব ভাটিয়া বলেন, হিন্দু ভাবাবেগে আঘাত করছে তৃণমূল সরকার

○○○○○○○○○○○○○○○○○○○○

দেশের উন্নয়নে সবার আগে সমাজকে সংগঠিত করা প্রয়োজন বলে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের সরসঙ্ঘচালক মোহন রাও ভাগবত মত প্রকাশ করেছেন। আরএসএস-এর শতবর্ষ পূর্তি উপলক্ষে কলকাতার সায়েন্সসিটি প্রেক্ষাগৃহে

তিনি বলেন, সংঘের কাজ কেবল দেশের মধ্যেই সীমাবদ্ধ নয়, বিশ্ব পরিসরেও তা অনন্য মাত্রায় পৌঁছেছে। যে পদ্ধতিতে সংঘ কাজ করে, তা অন্য কোনো দেশে দেখা যায়না। হিন্দু সমাজকে একত্রিত করার ওপরেও জোর দেন তিনি।

মালদার চাঁচলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর জনসভার অনুমতি না দেওয়ার অভিযোগ উঠেছে পুলিশ প্রশাসনের বিরুদ্ধে। এই নিয়ে আজই কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হচ্ছে বিজেপি। আগামী ২রা জানুয়ারি চাঁচলের কলমবাগান মাঠে জনসভা করার কথা রয়েছে তাঁর। ইতিমধ্যে তার প্রচার শুরু করেছে বিজেপি। নিয়ম মেনে সভার অনুমতির আবেদন জমা দেওয়া হলেও চাঁচল থানার তরফে সেই অনুমতি এখনো দেওয়া হয়নি বলে অভিযোগ।

সাসপেন্ড হওয়া বিতর্কিত তৃণমূল কংগ্রেস বিধায়ক হুমায়ুন কবীর আজ তাঁর নতুন রাজনৈতিক দল ঘোষণা করতে পারেনন। মূর্শিদাবাদের বেলডাঙার খাগরুপাড়া মোড়ে একটি জনসভায় এই ঘোষণা হবে বলে জানা গেছে। পাশাপাশি এদিনই বিভিন্ন জেলায় দলের কমিটির সদস্যদের নামও ঘোষণা করা হবে বলে জানানো হয়েছে। কিছুদিন

পূর্ব মেদিনীপুরের ভগবানপুরে একটি বেসরকারী স্কুলে বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠানে সঙ্গীত শিল্পী লগ্নজিতা চক্রবর্তীকে হেনস্থার অভিযোগে পুলিশ স্কুলেরই মালিক মেহবুব

মল্লিককে থেফতার করেছে। গত শনিবার সন্ধ্যায় অনুষ্ঠানে গায়িকা একটি গান গাইতে গেলে অভিযুক্ত মেহবুব তাঁকে হেনস্থা করে বলে অভিযোগ। ভগবানপুর থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়। এর প্রেক্ষিতে মেহবুব মল্লিককে থেফতার করা হয় বলে পূর্ব মেদিনীপুরের পুলিশ সুপার মিতুন কুমার দে জানিয়েছেন। ও সি-র বিরুদ্ধে বিভাগীয় তদন্তেরও নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে, বিষয়টি নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক তর্জা। পশ্চিমবঙ্গে বিজেপি-র পর্যবেক্ষক অমিত মালবিয়া বলেছেন, ভক্তিগীতি গাওয়ার জন্য শিল্পীকে হয়রানির স্বীকার হতে হচ্ছে। পশ্চিমবঙ্গে হিন্দুদের প্রতি ধর্মীয় অসহিষ্ণুতা তৃণমূল কংগ্রেসের শাসনে বেড়েছে।

আর জি কর কান্ডের সময় তৃণমূল কংগ্রেসের নেতাদের নির্দেশে প্রতিবাদকারী শিল্পীদের কাজ দেওয়া হয়নি বলে সিপিআইএম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী মন্তব্য করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

বড়দিনের উৎসব থেকে শুরু করে ইংরেজি নববর্ষের আগে জাঁকিয়ে শীত উপভোগ করবেন রাজ্যবাসী। ওই সময় কলকাতা সংলগ্ন এলাকার সর্বনিম্ন তাপমাত্রা ১২ ডিগ্রির নিচে এবং সর্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিকের থেকে অন্তত পাঁচ ডিগ্রি কম থাকার সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।

(বাইট – সৌরিশ)

আজ কলকাতা ও সংলগ্ন এলাকায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৫ দশমিক ৪ ডিগ্রী সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে প্রায় ১ ডিগ্রী বেশি। সর্বোচ্চ তাপমাত্রা ২৩ ডিগ্রীর আশেপাশে থাকার সম্ভাবনা

oooooooooooooooooooooooo